# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তিকে প্রত্যেক উঁচু জায়গায় তাকবীর বলার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالتَّكْبِيرِ لِلَّهِ جَلَّ وَعَلَا عَلَى كُلِّ شَرَفٍ لِلْمُسَافِرِ فِي سَفَرِهِ

---

আরবী

2691 ـ أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ الْحَسَنِ الْعَطَّارُ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا الْفُضَيْلُ بْنُ الْحُسَيْنِ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا الْفُضَيْلُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا أُسَامَةُ بْنُ زَيْدٍ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَ رَجُلٌ يُرِيدُ سَفَرًا فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَوْصِنِي فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أُوصِيكَ بِتَقْوَى اللَّهِ وَالتَّكْبِيرِ عَلَى كُلِّ شرف) فَلَمَّا وَلَّى الرَّجُلُ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (اللَّهُمَّ ازو له الأرض وهون عليه السفر)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2691 | خلاصة حكم المحدث: حسن ـ ((الصحيحة)) (1730).

বাংলা

২৬৯১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি তার কাছে আসে, এমন অবস্থায় যে, সে সফর করতে চাচ্ছে। অতঃপর সে তাকে সালাম করলো। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি তোমাকে আল্লাহভীতি অবলম্বন ও প্রতিটি উঁচু জায়গায় তাকবীর দেওয়ার উপদেশ দিচ্ছি।” তখন যখন সে ব্যক্তি যখন চলে যায়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, اللَّهُمَّ ازْوِ لَهُ الْأَرْضَ وَهَوِّنْ عَلَيْهِ السفر “হে আল্লাহ, আপনি তার জন্য জমিনকে সংকুচিত করে দিন এবং সফরকে তার জন্য সহজ করে দিন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১২/৫১৭; মুসনাদ আহমাদ: ২/৩২৫; তিরমিযী: ৩৪৪৫; ইবনু মাজাহ: ২৭৭১; হাকিম: ২/৯৮; সুনান বাইহাকী: ৫/২৫১; বাগাবী: ১৩৪৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৭৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92021

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন